



কিভাবে মতামত দিতে হয় বা NAB-এর কাছে মানবাধিকার বিষয়ক কোনো সমস্যা তুলে ধরতে হয়

NAB-এ, আমরা কমিউনিটির মানবাধিকার সংক্রান্ত উদ্বেগগুলো শুনি এবং সেগুলোর প্রতি সাড়া দিই এবং দায়িত্বপূর্ণভাবে ব্যবসা করার জন্য আমরা প্রতিশ্রুতিবদ্ধ। যদি আমাদের ব্যবসা সম্পর্কে আপনি মতামত জানাতে চান বা কোনো সমস্যা তুলে ধরতে চান, তাহলে আপনার মতামত জানানোর জন্য আপনি নিচের ধাপগুলো অনুসরণ করতে পারেন:

আপনাকে কী করতে হবে

1. আপনার সমস্যাটি তদন্ত করতে আমাদেরকে সহায়তা করবে এমন যেকোনো সহায়ক ডকুমেন্ট বা তথ্য সংগ্রহ করুন। এর মধ্যে রয়েছে নাম, তারিখ, সময় ও স্থান।
2. আপনি যে সমস্যাটি তুলে ধরতে চান সেটির বিস্তারিত বিবরণ সহ grievances@nab.com.au ঠিকানায় একটি ইমেইল পাঠান। আপনার ইমেইলে কোন বিষয়গুলো অন্তর্ভুক্ত করতে হবে সে বিষয়ে নির্দেশনার জন্য নিচের নির্দেশিকাটি পড়ুন।

আমরা কী করবো

- আমরা ইমেলের মাধ্যমে নিশ্চিত করবো যে আমরা আপনার মতামত বা উদ্বেগ পেয়েছি।
- যেসব ক্ষেত্রে তদন্তের জন্য আমাদের আরো তথ্যের প্রয়োজন হবে, আমরা সেই তথ্য এবং প্রয়োজনীয় যেকোনো সহায়ক ডকুমেন্ট সংগ্রহের জন্য আপনার সাথে যোগাযোগ করবো।
- আমাদের তদন্ত প্রক্রিয়ার অগ্রগতির বিষয়ে আপনি যাতে যথাযথ সময়ে আপডেট পান তা আমরা নিশ্চিত করবো।
- আপনার ব্যক্তিগত তথ্য আমরা আমাদের [গোপনীয়তার নীতিমালা](#) অনুযায়ী ব্যবস্থাপনা করবো।

মানবাধিকার বিষয়ক একটি সমস্যা তুলে ধরা

আমরা যেন যথাসম্ভব তাড়াতাড়ি ও পূর্ণাঙ্গভাবে সাড়া দেওয়ার বিষয়টি নিশ্চিত করতে পারি সেজন্য ইমেইলের মাধ্যমে grievances@nab.com.au ঠিকানায় মানবাধিকার বিষয়ক কোনো সমস্যা তুলে ধরার সময়, অনুগ্রহ করে নিম্নলিখিত বিবরণ অন্তর্ভুক্ত করুন:

1. বিষয়বস্তু

আপনার ইমেইলের বিষয়বস্তুর ঘরে অনুগ্রহ করে আপনার নাম ও 'মানবাধিকার বিষয়ক সমস্যা' কথাটি অন্তর্ভুক্ত করুন।

2. সমস্যার বিবরণ

আপনার ইমেইলের মূল অংশে, অনুগ্রহ করে নিম্নলিখিতগুলোর বর্ণনা দিন:

- আপনি যে বিষয়টি তুলে ধরতে চান (যেমন কে, কী, কোথায়, কখন, কিভাবে) সেটি এবং যে ঘটনার কারণে এই সমস্যার সৃষ্টি হয়েছে সেটি ঘটার তারিখ এবং/অথবা সময়কাল। তারপর আমরা আরো তথ্য সংগ্রহের জন্য আপনার সাথে যোগাযোগ করতে পারি।
- আপনি যে ফলাফল অর্জন করতে চান। এই উদ্বেগ সমাধানে সাহায্য করার জন্য কী প্রয়োজন? যেমন, আপনার উদ্বেগ কিভাবে সমাধান করা যেতে পারে সে বিষয়ে কি আপনার কোনো পরামর্শ আছে?

3. এ বিষয়ে আলোচনার জন্য NAB আপনার সাথে যোগাযোগ করুক তা কি আপনি চান?

যদি আপনি চান যে এই উদ্বেগের বিষয়ে NAB আপনার সাথে যোগাযোগ করুক, তাহলে অনুগ্রহ করে এই বিষয়টি আপনার ইমেইলে উল্লেখ করুন।

4. NAB শনাক্তকরণ নম্বর

যদি আপনি NAB-এর একজন গ্রাহক হন, তাহলে আপনার NAB আইডেন্টিফিকেশন নাম্বার হলো আপনার NAB কার্ডের পেছন দিকে কালো স্ট্রাইপের উপরে 8-10 ডিজিটের যে নম্বর রয়েছে সেটি। আপনি ইন্টারনেট ব্যাংকিংয়ের জন্য লগ-ইন করতে যে নম্বরটি ব্যবহার করেন এটি হলো সেই নম্বর।

5. ফোন নম্বর

যদি আপনি চান যে আমরা ফোনের মাধ্যমে আপনার সাথে যোগাযোগ করি, তাহলে অনুগ্রহ করে আপনার ফোন নম্বর দিন এবং আপনি অস্ট্রেলিয়ার বাইরে থাকলে আপনার কান্ট্রি কোডও অন্তর্ভুক্ত করুন।

6. আপনার কাছে চিঠি পাঠানোর ঠিকানা

অনুগ্রহ করে আপনার চিঠি পাঠানোর ঠিকানা দিন এবং আপনি অস্ট্রেলিয়ার বাইরে থাকলে দেশের নামও উল্লেখ করুন।